

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২২২-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য, “ইস্পাহানি ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতাল” এর জনকল্যাণ ও সেবামূলক কার্যক্রম হইতে উদ্ধৃত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা :—

শর্তসমূহ :

- (ক) এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট অব্যাহতিপ্রাপ্ত আয় কেবল “ইস্পাহানি ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতাল” এর শিক্ষা, জনকল্যাণ ও স্বাস্থ্যসেবা খাতে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) উক্ত ইনস্টিটিউট ও হাসপাতাল-কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।
- ২। এই প্রজ্ঞাপন ৩০ মে, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ডুইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৫৫৯)

মূল্য : টাকা ৪.০০